


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়  
জন্ম ও মৃত্যু নিবন্ধন  
স্থানীয় সরকার বিভাগ  
পরিবহন পুল ভবন (কক্ষ নং-৯০৮-৯)  
সচিবালয় লিঙ্ক রোড, ঢাকা-১০০০।  
ওয়েব সাইটঃ <https://br.lgd.gov.bd>

তারিখঃ ০১-১২-২০১৬

## নোটিশ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতি ও কার্যার্থে জানানো যাচ্ছে যে, জন্ম তারিখ সংশোধন সংক্রান্ত রেজিস্ট্রার জেনারেলকে সম্বোধন করা সংশোধিত আবেদন ফরম-এ দাখিলকৃত আবেদন, প্রয়োজনীয় দালিলিক প্রমাণক, জরুরী প্রয়োজনীয়তার স্বপক্ষে গ্রহণযোগ্য আবেদন ইত্যাদি পর্যালোচনা করে নিবন্ধন কার্যালয় ফরমের নির্ধারিত অংশ পূরণ করে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার/ডিডিএলজি/ক্যান্টনমেন্ট বোর্ড এক্সিকিউটিভ অফিসার/প্রধান নির্বাহী কর্মকর্তা, সিটি করপোরেশন বরাবর প্রেরণ করবে। নিয়ন্ত্রণকারী অফিস আবেদনসমূহ একীভূত করে অগ্রায়ণপত্রসহ ডাকযোগে/জি.ই.পি/বিশেষ দূত মারফত রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়ে প্রেরণ করবে। স্বতন্ত্র আবেদনকারীর হাতে হাতে প্রেরিত আবেদনপত্র/অগ্রায়ণপত্র গ্রহণ করা হবে না।

এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় সহায়তা করার জন্য পুনরায় অনুরোধ করা হলো।

  
রেজিস্ট্রার জেনারেল  
জন্ম ও মৃত্যু নিবন্ধন  
স্থানীয় সরকার বিভাগ